



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা, ঢাকা- ১০০০

আইন বিভাগ

www.badc.gov.bd


স্মারক নং-১২.০৬.০০০০.২০৮.০৪.০৫৬.১৯-২৩২

তারিখ: ০২ জানুয়ারি ২০২০ খ্রি:

**এ্যাডমিরালটি সংক্রান্ত মামলা পরিচালনার জন্য প্যানেল এ্যাডভোকেট তালিকাভুক্তির বিজ্ঞপ্তি**

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর পক্ষে এ্যাডমিরালটি সংক্রান্ত মামলা পরিচালনার জন্য প্যানেল এ্যাডভোকেট তালিকাভুক্তির উদ্দেশ্যে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাধীনে আইনজীবীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

১. দেওয়ানী আদালতে কমপক্ষে একাধারে ১০ বৎসর আইন ব্যবসা পরিচালনার অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। তন্মধ্যে হাইকোর্ট বিভাগে কমপক্ষে ০৭ (সাত) বছর এ্যাডমিরালটি মামলাসহ যেকোন মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। এক্ষেত্রে প্রাক্তন ডেপুটি এ্যাটর্নী জেনারেল বা সহকারী এ্যাটর্নী জেনারেলদের অগ্রাধিকার দেয়া হবে।
২. চূড়ান্তভাবে তালিকাভুক্ত প্রার্থীকে এ্যাডমিরালটি সংক্রান্ত মামলা পরিচালনা করা ছাড়াও উক্ত মামলাসমূহের বিষয়ে সংস্থার করণীয় সম্পর্কে মতামত প্রদান করতে হবে।
৩. মামলা পরিচালনার জন্য বা মতামত প্রদানের জন্য চাহিতব্য ফী দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে। এক্ষেত্রে চূড়ান্তভাবে তালিকাভুক্ত প্রার্থীকে বিএডিসি কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে ফী প্রদান করা হবে। ফী পরিশোধের ক্ষেত্রে বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।
৪. যে সকল প্রার্থীর সুপ্রীম কোর্ট ক্যাম্পাস / তৎসংলগ্ন এলাকায় নিজস্ব চেম্বার নাই অথবা ইমেইল ব্যবহার করেন না তাদের আবেদন করার প্রয়োজন নাই।
৫. প্যানেল এ্যাডভোকেট পদে তালিকাভুক্ত হতে আগ্রহী দরখাস্তকারীর নাম, পিতা ও মাতার নাম, জন্ম তারিখ, স্থায়ী ও বর্তমান ঠিকানা, চেম্বারের ঠিকানা, শিক্ষাগত ও পেশাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা, জাতীয় পরিচয়পত্রের নম্বর ইমেইল আইডি ইত্যাদি উল্লেখপূর্বক ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সার্টিফিকেটসমূহের অনুলিপি, ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ নিজস্ব প্যাডে সচিব, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবরে আগামী ২০ জানুয়ারী ২০২০ তারিখের মধ্যে পৌছাতে হবে।
৬. আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে।
৭. অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
৮. অত্র নোটিশ বিএডিসি'র ওয়েব সাইটেও ([www.badc.gov.bd](http://www.badc.gov.bd)) পাওয়া যাবে।



(আব্দুল লতিফ মোল্লা)

সচিব

বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৬৪৩৫৯

e-mail:secretary@badc.gov.bd